

বৈশাখ ১৩৬৪ ১৮

দৈনিক ইত্তেফাক

তারিখ ... AUG. 25 1999 ...
পৃষ্ঠা ৪ কলাম ৩

০১

মাননীয় শিক্ষামন্ত্রী সমীপে

পটুয়াখালী জেলার মির্জাগঞ্জ থানাধীন শ্রীনগর মাধ্যমিক বিদ্যালয়ে শূন্যপদে সহকারী শিক্ষিকা নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করা হইলে আমি সহ মোট চারজন মহিলা প্রার্থী দরখাস্ত করি। বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি বিধি অনুযায়ী নিয়োগ বোর্ড গঠন করিয়া নির্বাচনী পরীক্ষা গ্রহণ করেন। উক্ত পরীক্ষায় লিখিত, মৌখিক ও একাডেমিক সকল অংশে সর্বোচ্চ নম্বর (৫০-এর মধ্যে ৩০) পাইয়া আমি প্রথম স্থান অধিকার করি ও নির্বাচিত হই। কিন্তু দুঃখের বিষয় নিয়োগদানে কোন প্রকার বাধা-বিপত্তি না থাকা সত্ত্বেও ম্যানেজিং কমিটি দীর্ঘদিন যাবৎ আমাকে নিয়োগ না দিয়া হুয়রানি করিতেছে। আমাকে বাদ দিয়া পুনরায় নিয়োগ বিজ্ঞপ্তি দেওয়ার সিদ্ধান্ত নিলে আমি কমিটির কাছে আমাকে নিয়োগদানের জন্য অনেক অনুনয়-বিনয় করি। আমার অনুনয়ে তাহারা কর্ণপাত না করিয়া অন্য প্রার্থী নেওয়ার জন্য গত ৭/৬/৯৯ইং তারিখের পত্রিকায় পুনরায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করিয়াছেন। বিভিন্ন সূত্রে জানিতে পারিলাম, ম্যানেজিং কমিটির কাহারও কাহারও পছন্দের একজনকে নিয়োগ দেওয়ার জন্যই এইসব করা হইতেছে। এহেন অবস্থায় যাহাতে আমি আমার চাকুরীটি পাইতে পারি তাহার ব্যবস্থা করিবার জন্য মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয় এবং সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট আকুল আবেদন জানাইতেছি।

মোসাঃ রাবেয়া সুলতানা,
গ্রাম ও পোঃ শ্রীনগর,
থানা : মির্জাগঞ্জ, জেলা : পটুয়াখালী।